মা-বাবার পাশে শায়িত হলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমদ

চেম্বার ডেস্ক:: মা-বাবার পাশে শায়িত হলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমদ।

শুক্রবার বিকালে প্রথমে তার নির্বাচনী এলাকা কবিরহাট সরকারি কলেজ মাঠে, দ্বিতীয়বার কোম্পানীগঞ্জ উপজেলার বসুরহাট সরকারি মুজিব কলেজ মাঠে এবং সর্বশেষ মানিকপুরে তার গ্রামের বাড়ির দরজায় জানাজা শেষে মাগরিবের পর পারিবারিক কবরস্থানে তার লাশ দাফন করা হয়।

এর

আগে ২টা ৫০ মিনিটে হেলিকপ্টারযোগে তার লাশ কবিরহাট সরকারি কলেজ মাঠ পৌঁছে। সেখানে জানাজা শেষে লাশের কফিন আসে সরকারি মুজিব কলেজ মাঠে।

এসব স্থানে জানাজার আগে উপস্থিত জনতার উদ্দেশে বক্তব্য রাখেন-প্রধানমন্ত্রীর বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, মওদুদের সহধর্মিণী সাবেক এমপি বেগম হাসনা জসীমউদদীন মওদুদ, বিএনপির ভাইস চেয়ারম্যান মো. শাহজাহান, বরকত উল্যাহ বুলু, যুগ্ম মহাসচিব ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন, সাবেক চিফ হুইপ জয়নাল আবদীন ফারুক, চট্টগ্রাম বিভাগীয় সাংগঠনিক সম্পাদক মাহবুবুর রহমান শামীম, জেলা বিএনপির সভাপতি গোলাম হায়দার বিএসসি, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আবদুর রহমান, বিএনপি নেতা আবদুল হাই সেলিম, কামাল উদ্দিন চৌধুরী, নুরুল আলম সিকদার, জাহাঙ্গীর আলম, মাহমুদুর রহমান রিপন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক একরামুল করিম চৌধুরী এমপি, কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ শাহাব উদ্দিন, বসুরহাট পৌরসভার মেয়র আবদুল কাদের মির্জা, উপজেলা জামায়াতের আমীর অধ্যক্ষ বেলায়েত হোসেন, সেক্রেটারি মাওলানা মোশাররফ হোসাইনসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা।

প্রসঙ্গত, গত মঙ্গলবার বাংলাদেশ সময় সন্ধ্যা সাড়ে ৬টায় ব্যারিস্টার মওদুদ আহমদ সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে